# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

## দনিয়া শাখা, ঢাকা।

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

## বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **মেসার্স রুবেল ফ্যাশন ইন্টারন্যাশনাল**, পার্টনার -(১) মোঃ মনির হোসেন, পিতা-মোহাম্মদ নুরুল ইসলাম, মাতা-মিসেস শিরিন ইসলাম, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- আটিয়াতলী, থানা ও পোষ্ট অফিস-লক্ষীপুর সদর, জেলা- লক্ষীপুর, বর্তমান ঠিকানাঃ বাসা- হোল্ডিং নং- ২৬, রোডনং- ১৩, ডি.আই.টি. প্রজেক্ট, মেরুল বাড্ডা, ডাকঘর-গুলশান মডেল টাউন-১২১২, থানা- বাড্ডা, জেলা- ঢাকা। পার্টনার - (২) মোঃ জসিম উদ্দিন, পিতা-আনোয়ার উল্লা, মাতা-মোবাশ্বেরা বেগম, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- মধ্য কেরয়া, পোষ্ট অফিস-নায়ের হাট, থানা- রায়পুর, জেলা- লক্ষীপুর, শো-রুমঃ ১৯২১/২২/২৩, বঙ্গ বাজার, ঢাকা-১০০০, ঠিকানাঃ গোডাউন-৯/চ, দ্বিতীয় তলা, সেক্রেটারীয়েট রোড, রোশ গার্ডেন, ঢাকা- ১০০০ কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দনিয়া শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিষ্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিষ্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৬.০৯.২০১৮ইং তারিখ পর্যন্ত সুদসহ সর্বমোট পাওনা **৩১,৩৮,৮৪৪.৬০ (একত্রিশ লক্ষ আটত্রিশ হাজার আটশত চুয়াল্লিশ টাকা ষাট পয়সা)** অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদাকাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ্য পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগামী **২১.১০.২০১৯ইং** বিকাল ৩.৫০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, দনিয়া শাখা, ঢাকা-এর অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। দরদাতাগন তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না। এতদ্‌সংক্রান্ত বিস্তারিত তথ্য www.ucb.com.bd ওয়েবসাইটে পাওয়া যাইবে।

### বন্ধকা সম্পত্তির তফসিল বিবরণ

**"তফসিল-ক" ঃ** জেলা- লক্ষীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- লক্ষীপুর, জে.এল. নং- সাবেক ও এস.এ.৮৮, মাঠ জরিপ- ৮৮, "মৌজা-আটিয়াতলী"খতিয়ান নং- সাবেক- ৪৩৮, ২৭৫, এস.এ.

(এম.আর.আর.) ৩৬০, ৫৩২, বি.এস./মাঠ জরিপ- ১১০২ (বুজারত), ৬৯৫ (ডি.পি.), নামজারী খতিয়ান নং- ১৫০৮, হোল্ডিং/জোত নং- ১৫৮১, দাগ নং- সাবেক ও এস.এ. (এম.আর.আর.) ১৩৭৪, ১৩৭৫, ১৩৭০, বি.এস./মাঠ জরিপ- ২৮৪৬, ২৮৫৭, ২৮৬০। মোট জমির পরিমান- (১০+০৮+০৭.২০)= ২৫২০ (দুই হাজার পাঁচশত বিশ) অযুতাংশ বা ২৫.২০ (পঁচিশ দশমিক দুই শুন্য) শতাংশ। যাহার চৌহুদ্দীঃ উত্তরে- সেলিম ভুইয়া গং, দক্ষিণে- নুরুল ইসলাম হাওলাদার গং, পূর্বে- নুরুল ইসলাম হাওলাদার গং, পশ্চিমে- রাস্তা।

**"তফসিল-খ"** ঃ জেলা- লক্ষীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- লক্ষীপুর, জে.এল. নং- সাবেক ও এস.এ.৮৮, মাঠ জরিপ- ৮৮, "মৌজা- আটিয়াতলী" খতিয়ান নং- সাবেক- ৩৪৫, এস.এ. (এম.আর.আর.) ৪৪৩, বি.এস./মাঠ জরিপ- ৫৬৮ (বুজারত), নামজারী খতিয়ান নং- ৬৫৪, হোল্ডিং/জোত নং- ৭৩০, দাগ নং- সাবেক ও এস.এ. (এম.আর.আর.) ১৭৭, ১৭৮, বি.এস./মাঠ জরিপ- ৪১৪। মোট জমির পরিমান- ০১৪২ (একশত বিয়াল্লিশ) অযুতাংশ বা ১.৪২ (এক দশমিক চার দুই) শতাংশ। যাহার চৌহুদ্দীঃ উত্তরে- মার্কেট, দক্ষিণে-মোঃ মনির হোসেন গং, পূর্বে- আলহাজ্ব মোঃ নূর উদ্দিন, পশ্চিমে- রাস্তা।

**"তফসিল-গ"** ঃ জেলা- ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- বাড্ডা, ঢাকা কালেক্টরীর তৌজিভুক্ত, জে.এল. নং- সি.এস. ২৯১, এস.এ. ১২৪, আর.এস. ৩৮, ঢাকা সিটি জরিপ- ২২,"মৌজা- বাড্ডা"খতিয়ান নং- সি.এস. ১৬০, এস.এ. ১৬৪, আর.এস. ১০১৬, ঢাকা সিটি জরিপ- ৮০৬৬, ঢাকা সিটি জরিপ নামজারী খতিয়ান নং-২৪৫১২, হোল্ডিং/ জোত নং- ৭১/৪৫, দাগ নং- সি.এস. ও এস.এ. ১৮০০/২৮৬০, আর.এস. ৭৫৭৯, ঢাকা সিটি জরিপ- ১৬৭৭০। মোট জমির পরিমান- ০৩০০ (তিনশত) অযুতাংশ বা ০৩ (তিন) শতাংশ। যাহার চৌহুদ্দীঃ উত্তরে- আক্কেল আলী, দক্ষিণে-হোসনে আরা বেগম, পূর্বে- শাহজাহান মোল্লা, পশ্চিমে- হুমায়ুন কবীর।

## নিলামের শর্তাবলী

(১) আগামী **২১.১০.২০১৯ইং** বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দনিয়া শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দনিয়া শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক

উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউসিবি, দনিয়া শাখা, ঢাকা।**